দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06-...
পৃষ্ঠা ... 6 ... কলাম

01

## যশোর ও কুমিল্লা বোর্ড

# দুর্নীতির দায়ে ৭ হাজার এসএসসি পরীক্ষার্থীকে শাস্তি প্রদান

ঝিনাইদহ, সংবাদদাতা জানান, ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে যশোর ও কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ ৭ হাজার ১৬জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন মেয়াদে শাস্তি প্রদান করিয়াছে। পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও প্রধান পরীক্ষকগণের নিকট হইতে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে গত ১৯শে নভেম্বর ও ২রা ডিসেম্বর অনুষ্ঠিত যশোর বোর্ডের শৃংখলা কমিটির সভায় মোট ৪ হাজার ৩৮৭ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাহাদের শাস্তি প্রদান করা হয়। শাস্তি প্রাপ্তদের মধ্যে ৫৭৪ জন ছাত্রী। যশোর বোর্ড

(৪র্থ পৃঃ দ্রঃ)

### যশোর ও কুমিল্লা

(৩য় পৃঃ পর)

কর্তৃপক্ষ ৩ হাজার ৬ শত ৩১ জনের শুধু '৮৯ সালের পরীক্ষা বাতিল, ৫৫৫ জনের '৮৯ সালের পরীক্ষা বাতিলসহ আগামী '৯০ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত, ১৯৬ জনের ব্যাপারে '৮৯ সালের পরীক্ষা বাতিলসহ '৯০, '৯১ ও '৯২ সাল পর্যন্ত পরীক্ষয় অংশগ্রহণ রহিত এবং ৩ জনের ব্যাপারে ৮৯ সালের পরীক্ষা বাতিলসহ '৯৩ সাল পর্যন্ত অর্থাৎ ৫ বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে। অভিযোগ প্রমাণিত না হওয়ায় ৫৪ জন পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হয়। ১৭ জনের ব্যাপারে সিদ্ধান্ত স্থগিত ও ৪ জনের ব্যাপারে আরও তদন্তের সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, যশোর বোর্ডে '৮৮ সালের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২ হাজার ৬৭২ জনকে ও '৮৭ সালে ১২ শত জনকে শাস্তি দেওয়া হয়।

এ দিকে কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ একই ধরনের অভিযোগে '৮৯ সালের এস, এস, সি পরীক্ষার মোট ২ হাজার ৬শত ২৯জন পরীক্ষার্থীকে শাস্তি প্রদান করিয়াছেন। কুমিল্লা বোর্ডের শৃংখলা কমিটি ১ হাজার ৫৩৬ জনের '৮৯ সালের পরীক্ষা বাতিল করিয়াছেন। তাহারা '৯০ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। ১ হাজার ৬১ জনের '৮৯ সালের পরীক্ষা বাতিলসহ '৯০ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে, ও ২৭ জনের '৮৯ সালের পরীক্ষা বাতিলসহ '৯১ সাল পর্যন্ত পরীক্ষায় অংশ গ্রহণ রহিত করা হইয়াছে।

৩ জনের '৮৯ সালের পরীক্ষা বাতিলসহ '৯২ সাল পর্যন্ত পরীক্ষায় অংশ রহিত করা হইয়াছে।

#### উচ্চ মাধ্যমিক

যশোর বোর্ড কর্তৃপক্ষ '৮৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তি গ্রহণের উদ্যোগ নিয়াছে। ইতিমধ্যেই অভিযুক্তদের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না এই মর্মে কারণ দর্শাও নোটিস পাঠান হইয়াছে। অভিযুক্তদের নিকট হইতে কারণ দর্শানো নোটিসের জবাব ফিরিয়া আসিলে অভিযোগের গুরুত্ব বিবেচনা করিয়া বোর্ডের শৃংখলা কমিটি শাস্তি প্রদান করিবে।

'৮৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অভিযুক্তের সংখ্যা ৫ হাজারেরও অধিক বলিয়া জানা যায়।